REG. NO. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৪ঠা শ্রাবণ বুধবার ১৩৪৫ ইংরাজী 20th July 1938 | ১০ম সংখ্যা

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ২৷৷০ টাকা। নগদ মূল্য ২৷০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৵০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন। ০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্‌টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য
পত্র লিখুন:।

নিরঞ্জন এণ্ড কোং লিঃ
প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন

৪৩ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এ।, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু,ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲ ; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

বাঙলার ও বাঙালীর নিজস্ব প্রতিষ্ঠান

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড
নূতন বীমা
(১৯৩৬-৩৭)
২ কোটি ৮৩ লক্ষের উপর
—বোনাস—

প্রতি বৎসর মেয়াদী বীমায় ২৩৲
প্রতি হাজারে আজীবন বীমায় ২০৲

চল্‌তি বীমা…	১২	কোটি ৮৫	লক্ষের উপর
বীমা তহবিল…	২	,, ৩১	লক্ষের ,,
মোট সংস্থান…	২	,, ৬০	,, ,,
প্রিমিয়াম আয়…	…	… ৬২	,, ,,
দাবী শোধ…	১	কোটি ৪০	,, ,,

হেড আফিস—হিন্দুস্থান বিল্‌ডিংস, কলিকাতা
ব্রাঞ্চ—বোম্বে, মান্দ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।
এজেন্সি—ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে।

ব্রজশশী

আয়ুর্ব্বেদ ভবন

যথাসম্ভব সুলভে সম্পূর্ণ বিশুদ্ধ ও অকৃত্রিম আয়ুর্ব্বেদীয় ঔষধ প্রাপ্তির ও চিকিৎসার বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান।
(স্থাপিত—সন ১৩০২ সাল)
ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রতিষ্ঠাতা ও চিকিৎসক—
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি-এ, কবিরত্ন
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ।

৪ঠা শ্রাবণ বুধবার সন ১৩৪৫ সাল

বি, এ, কে, লাইনের

আজিমগঞ্জ জংসন হইতে বারহারোয়া পর্য্যন্ত হল্‌টিং প্লেস ও ষ্টেশন সমূহের প্যাসেঞ্জারগণের অসুবিধা

দুই বৎসর আগে খাগড়াঘাট রোড ষ্টেশন হইতে সন্ধ্যার সময় যে লাইট ট্রেণখানি বারহারোয়া অভিমুখে যাইত তাহা বন্ধ হওয়ায় উল্লিখিত ষ্টেশন সমূহের প্যাসেঞ্জারগণের যে অসুবিধা ভোগ করিতে হইতেছে তাহা আমরা আমাদের সংবাদপত্রে পুনঃ পুনঃ আলোচনা করিয়াও ই, আই, আর, এর কর্ত্তৃপক্ষগণের কৃপাদৃষ্টি আকর্ষণ করিতে পারি নাই। এই সম্বন্ধে নিমতিতার অন্যতম জমিদার শ্রীযুত রাধানাথ চৌধুরী মহাশয়ের প্রেরিত পত্র অন্যত্র প্রকাশিত হইল। সাধারণের চীৎকার বা সংবাদপত্রের আবেদন নিবেদনে যখন কোন ফল না হয় তখন রাজ-শক্তির আশ্রয় লইতে হয়। সুতরাং আমরা এক্ষেত্রে আমাদের সহৃদয় মহকুমা ম্যাজিষ্ট্রেট শ্রীযুত সুধীন্দ্রকুমার সান্যাল মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিয়া তাঁহাকে তাঁহার এলাকার অধিবাসীবর্গের এই অসুবিধা দূর করিবার জন্য একটু তৎপর হইবার জন্য অনুরোধ করিতেছি। অক্টোবর মাস হইতে নূতন টাইম টেবল প্রস্তুত হইবে তৎপূর্ব্বে রেল কর্ত্তৃপক্ষের গোচরীভূত করিলে ভাল হয়।

মির্জ্জাপুর

"সুধীন্দ্রকুমার পল্লী উন্নয়ন সমিতি"

গত ১৮ই জুলাই সোমবার মির্জ্জাপুর গ্রামে পল্লী-উন্নয়ন সমিতি গঠন করিবার জন্য এক বিরাট জনসভার অধিবেশন হইয়া গিয়াছে। জঙ্গিপুরের লোকপ্রিয় কর্ম্মঠ মহকুমা ম্যাজিষ্ট্রেট বাহাদুর উক্ত সভার সভাপতির পদ অলঙ্কৃত করেন। সভায় জেলাবোর্ডের ভাইস-চেয়ারম্যান বাবু ধীরেন্দ্রনাথ রায়, সার্কেল অফিসার মৌলবী এনামুল কবীর, সাব-রেজিষ্ট্রার খন্দকার মহম্মদ জিয়াউল আহছান, জেলা-বোর্ডের স্যানিটারী ইন্সপেক্টর বাবু মহাদেব মুখোপাধ্যায়, স্কুল সাব-ইন্সপেক্টর মৌলবী সিদ্দিক হোসেন সাহেব, মির্জ্জাপুর ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট ও সভ্যগণ, এম, ই স্কুলের প্রধানশিক্ষক ও অন্যান্য শিক্ষকগণ এবং গ্রামস্থ প্রধান প্রধান অধিবাসীবৃন্দ উপস্থিত থাকিয়া "সুধীন্দ্রকুমার পল্লী উন্নয়ন সমিতি" প্রতিষ্ঠা করিয়াছেন। বর্ত্তমানে এই গ্রামে ম্যালেরিয়ার যেরূপ প্রকোপ দেখা যাইতেছে তাহাতে ইতিহাস প্রসিদ্ধ ও পুরাতন পল্লীকে রক্ষা করা সুকঠিন। প্রায় ৬৮ জন স্বেচ্ছাসেবক লইয়া একটী স্বেচ্ছাসেবকদল গঠিত হইয়াছে। উল্লিখিত ভদ্র মহোদয়গণের উপস্থিতিতে এম, ই স্কুল সংলগ্ন একটী পুকুরের টোপাপানা ও চারিধারের জঙ্গল অর্দ্ধঘণ্টা মধ্যে পরিষ্কার করা হয়। জেলা বোর্ডের স্যানিটারী ইন্সপেক্টর মহাদেব বাবু সর্ব্বাগ্রে জলে নামিয়া সাধারণের উৎসাহ সঞ্চার করেন। আমাদের বর্ত্তমান মহকুমা ম্যাজিষ্ট্রেটের এবম্বিধ পল্লী-হিতকর কার্য্য প্রশংসনীয়।

দল বাঁধিয়া নারী হরণ

কয়েকদিন পূর্ব্বে বীরভূম জেলা ইলামবাজার থানার অন্তর্গত কাশপুর গ্রামের এক সম্ভ্রান্ত সদগোপ পরিবারের পূর্ণিমা দাসী নামে ১৮ বৎসর বয়স্কা সুন্দরী রমণীকে পার্শ্ববর্ত্তী আকড়া গ্রামের ৫০।৬০ জন মুসলমান গভীর রাত্রে ধরিয়া লইয়া গিয়াছে। মেয়েটির স্বামী কার্য্যোপলক্ষে স্থানান্তরে গিয়াছিল। শাশুড়ীর সঙ্গে যে ঘরে মেয়েটি শয়ন করিয়াছিল, সেই ঘরে তাহার দেবরও ছিল। তাহাদের চীৎকার শুনিয়া গ্রামের লোকেরা দৌড়িয়া আসে, কিন্তু লাঠির ভয়ে কেহ অগ্রসর হইতে পারে নাই। গ্রামবাসিগণ আসামীদিগকে চিনিতে পারিয়াছে। ইলামবাজার থানায় খবর দেওয়া হয়, কিন্তু স্থানীয় পুলীশ তৎপরতার সহিত অপহৃতা রমণীর উদ্ধার করিতে সমর্থ না হওয়ায় বোলপুর থানার দারোগার উপর তদন্তের ভার দেওয়া হইয়াছে। জোর পুলিশ অনুসন্ধান চলিয়াছে। আসামীগণ পলাতক আছে। এই ঘটনায় উক্ত অঞ্চলে গুরুতর চাঞ্চল্যের সৃষ্টি হইয়াছে।

বেরিবেরি হইতে আত্মরক্ষার উপায়

বর্ষা পড়িবার সঙ্গে সঙ্গে কলিকাতায় ব্যাপক ভাবে বেরিবেরি রোগ দেখা দিয়াছে। মফঃস্বলেও অনেক স্থানে এই রোগ দেখা দিয়াছে। পূর্ব্বে মাজা চাউলই এই রোগের অন্যতম কারণ বলিয়া স্থির করা হইয়াছিল। কিন্তু অল ইণ্ডিয়া ইনষ্টিটিউট অব পাবলিক হেলথে নানা-রূপ পরীক্ষায় দেখা গিয়াছে যে সরিষার তৈলই এই রোগের কারণ। ঐ তৈলে হাইড্রোসিয়ানিক এসিড থাকে। তৈল কিছু দিন পড়িয়া থাকিলে উক্ত এসিডের মাত্রা আরও বর্দ্ধিত হয়। এই বিষাক্ত তৈলই উক্ত রোগের কারণ। সুতরাং খাঁটি সরিষার তৈল ব্যতীত অপর তৈল ব্যবহার করা উচিত নহে। যাহারা ঘৃতে রন্ধন করেন তাহাদের মধ্যে বেরিবেরি সংক্রামক রোগরূপে দেখা যায় না বলিলেই হয়।

প্রেমচাঁদ-রায়চাঁদ বৃত্তি

এই বৎসর কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে চার জন প্রেমচাঁদ-রায়চাঁদ বৃত্তিলাভ করিয়াছেন। দুইজন বিজ্ঞানে ও দুইজন সাহিত্যে বিভিন্ন বিষয়ে মৌলিক প্রবন্ধ লিখিয়া এই বৃত্তি পাইয়াছেন। বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ লিখিয়া যে দুইজন প্রেমচাঁদ রায়চাঁদ বৃত্তি লাভ করিয়াছেন, তাঁহাদের নাম শ্রীযুক্তা বিভা মজুমদার ও শ্রীযুক্ত পূর্ণচন্দ্র মুখোপাধ্যায়। শ্রীযুক্ত মুখোপাধ্যায় ১৯২৫ সালে এম-এস-সি ডিগ্রী লাভ করেন। সাহিত্য বিষয়ক মৌলিক প্রবন্ধ লিখিয়া শ্রীযুক্ত মাখনলাল মুখোপাধ্যায় ও শ্রীযুক্ত শশিভূষণ দাস গুপ্ত প্রেমচাঁদ-রায়চাঁদ বৃত্তি লাভ করিয়াছেন। শ্রীযুক্ত মাখনলাল মুখোপাধ্যায় ভারতীয় ও ইউরোপীয় দর্শন সম্পর্কে এবং শ্রীযুক্ত দাসগুপ্ত তান্ত্রিক বৌদ্ধ ধর্ম্ম সম্পর্কে গবেষণামূলক প্রবন্ধ লিখিয়াছেন।

পুরাতন ডাক টিকিট

আগামী ১লা সেপ্টেম্বর হইতে মহারাণী ভিক্টোরিয়া ও সপ্তম এডওয়ার্ডের মূর্ত্তি মুদ্রিত ডাক টিকিট, ডাক মাশুল অথবা টেলিগ্রামের মূল্য প্রদানের বাবতে গৃহীত হইবে না। উক্ত তারিখ হইতে ৬ মাসের মধ্যে ঐ সকল ডাক টিকিটের পরিবর্ত্তে প্রচলিত ডাক টিকিট দেওয়া যাইবে। ব্যবহৃত বা খারাপ টিকিট পরিবর্ত্তন করা হইবে না।

বিদেশে শিক্ষার জন্য বৃত্তি

"কলিকাতা গেজেটে" এই মর্ম্মে বিজ্ঞপ্তি প্রচারিত হইয়াছে,—বিদেশে উচ্চ শিক্ষা লাভের জন্য বাঙ্গালা গবর্ণমেণ্ট তপশীলভুক্ত সম্প্রদায়ের একজন প্রার্থীকে দুই বৎসরের জন্য একটী বৃত্তি দিবেন। বৃত্তির পরিমাণ বার্ষিক অনধিক ৩৩৫ পাউণ্ড। আগামী ২৩শে জুলাই তারিখের মধ্যে শিক্ষা বিভাগের ডিরেক্টরের নিকট দরখাস্ত করিতে হইবে। দরখাস্তকারীর কোনও অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের বি-এ বা বি-এস-সি (অনার্স) ডিগ্রী থাকা চাই। স্ত্রী পুরুষ উভয়ে এবং শিক্ষা বিভাগের কর্ম্মচারীরাও দরখাস্ত করিতে পারিবেন। বাঙ্গলা দেশে যাঁহাদের বাস, তাঁহাদের আবেদন অগ্রগণ্য হইবে। বৃত্তি ব্যতীতও দ্বিতীয় শ্রেণীর জাহাজ ভাড়া দেওয়া হইবে, কিন্তু প্রাথমিক খরচ বাবদ ৪০ পাউণ্ড বিলাতে হাই কমিশনারের নিকট জমা না দিলে বৃত্তির টাকা দেওয়া হইবে না। অনুন্নত সম্প্রদায়ের উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে এবং বর্ণহিন্দু উপযুক্ত প্রার্থী পাওয়া গেলে বর্ণহিন্দু প্রার্থীকেই বৃত্তি দেওয়া হইবে। উপযুক্ত প্রার্থী আদৌ না পাওয়া গেলে বৃত্তি দেওয়া হইবে না।

যক্ষ্মানিবারণী তহবিল

সম্রাটের যক্ষ্মানিবারণী তহবিলে বাঙ্গালা দেশ হইতে এ পর্য্যন্ত ৩,৭০,১৬৫।৫ পাই টাকা সংগৃহীত হইয়াছে।

ভূতপূর্ব্ব প্রেস-অফিসার

জানা গিয়াছে যে, বাঙ্গালা সরকারের স্বরাষ্ট্র-বিভাগের ডেপুটি সেক্রেটারী ও ভূতপূর্ব্ব প্রেস-অফিসার শ্রীযুক্ত এস, বসু কেন্দ্রীয় কৃষি গবেষণা পরিষদের সেক্রেটারীর পদে নিযুক্ত হইয়াছেন। ইনি বিলাতে ছুটিতে ছিলেন, ছুটি বাতিল করিয়া ভারতে প্রত্যাবর্ত্তন করিয়াছেন। ইনি শীঘ্রই কার্য্যভার গ্রহণ করিবেন।

প্রাপ্ত পত্র।

মাননীয়

জঙ্গীপুর সংবাদের সম্পাদক মহোদয়

মাননীয়েষু—

মহাশয়

গত ১৯৩৬ সালের মার্চ্চ মাসে ই, আই, রেলের বি-এ-কে সেক্সনে খাগড়াঘাট রোড হইতে বারহারোয়া পর্য্যন্ত সন্ধ্যার সময় যে লাইট ট্রেণখানি যাইত তাহা কর্ত্তৃপক্ষ বন্ধ করিয়া দেওয়ায় জঙ্গীপুর মহকুমার অধিবাসীগণের যাতায়াতের অত্যন্ত অসুবিধা হইয়াছে। ইহার প্রতিকারের জন্য মহকুমার বিভিন্ন স্থান হইতে বহুবার দরখাস্ত করা সত্ত্বেও কোন ফল হয় নাই। সঙ্ঘবদ্ধভাবে বর্ত্তমান কালে কাজ না করিলে কোন সুবিধা হয় না। আপনার পত্রিকার মারফত জঙ্গীপুরবাসীগণের নিকট আমার সানুনয় অনুরোধ তাঁহারা যেন সঙ্ঘবদ্ধভাবে এই দারুণ অসুবিধার বিরুদ্ধে তীব্র আন্দোলন চালান। আগামী অক্টোবর মাসে নূতন টাইম টেবল প্রস্তুত হইবে। সুতরাং এখন হইতে আন্দোলন চালান কর্ত্তব্য। ইতি

নিমতিতা,
১৯শে জুলাই।

ভবদীয়—
শ্রীরাধানাথ চৌধুরী

যতীনদাস ছাত্র-পাঠাগার

আমাদের এই পাঠাগারটী পঞ্চবর্ষকাল বহু বাধাবিঘ্নের সহিত সংগ্রাম করিয়া আজ একটী প্রকৃত শিক্ষানিকেতনে পরিণত হইয়াছে। ছাত্রদের ও জনসমাজের পাঠ করিবার যথেষ্ট পুস্তক রহিয়াছে। ইহাতে ঐতিহাসিক, সামাজিক ও ধর্ম্ম সম্বন্ধীয় ভাল ভাল লেখকের পুস্তক রহিয়াছে। জঙ্গিপুরবাসীর নিকট আমাদের বিনীত নিবেদন যে এই পাঠাগারের সভ্য-শ্রেণীভুক্ত হইয়া আপনাদের মানসিক খোরাক যোগাড় করিয়া লউন।

গত ২রা জুলাই রাষ্ট্রপতি সুভাষচন্দ্র বসু আমাদের পাঠাগার পরিদর্শন করিয়া নিম্নলিখিত মন্তব্যটী লিখিয়া দিয়া গিয়াছেন :—"আজ যতীনদাস ছাত্রপাঠাগার পরিদর্শন করিয়া বিশেষ আনন্দিত হইলাম। আশা করি এই প্রতিষ্ঠানকে কেন্দ্র করিয়া সকল রকম দেশহিতকর প্রচেষ্টার আয়োজন হইবে এবং এই প্রতিষ্ঠানের সংস্পর্শে যাহারা আসিবে তাহারা জীবন-পথে আলোকের সন্ধান পাইবে।"

স্বাক্ষর—শ্রীসুভাষচন্দ্র বসু।

নিবেদক—শ্রীসচ্চিদানন্দ সেন
সম্পাদক, যতীনদাস ছাত্র-পাঠাগার।

সর্প বিষ ও দংশক বিষের প্রতিকার

(শ্রীশিশিরকুমার চন্দ্র বি, এল)

সর্পের উপদ্রব বাংলা দেশে ফাল্গুনের শেষ ভাগ হইতে কার্ত্তিকের মধ্যভাগ পর্য্যন্ত বিশেষভাবে অনুভূত হইয়া থাকে। সর্পের খল প্রকৃতি ও বিষের মারাত্মক ক্রিয়া অবগত থাকিয়া সকলেই সর্পের নাম উচ্চারণ মাত্র শিহরিয়া উঠে। প্রতি বৎসর আমাদের বাংলা দেশের নানাস্থানে বহু লোক ও গবাদি পশু সর্প দংশনে প্রাণত্যাগ করিতেছে।

প্রাণীগণের মধ্যে সর্প ভিন্ন আরও অনেক প্রাণী আছে যাহাদের দংশন উপেক্ষা করিলে মৃত্যু পর্য্যন্ত হইয়া থাকে। বর্ত্তমান প্রবন্ধে ঐরূপ কয়েকটী দংশক প্রাণীর বিষের আলোচনা করিতেছি।

কি প্রকারে গৃহে সর্পের প্রবেশাধিকার বন্ধ করা যাইতে পারে তদ্বিষয়ে আমার বন্ধুগণ প্রায়ই প্রশ্ন করিয়া থাকেন। বন্ধুগণের প্রশ্নের উত্তর প্রদানের জন্য আমাকে বিষ সম্বন্ধে প্রমাণ-গ্রন্থ গরুড়পুরাণের আশ্রয় লইতে হইবে। গরুড়পুরাণে আছে :—

"পুনর্ণবয়া মূলঞ্চ শ্বেতং পুষ্যে সমাহৃতম্।
বারিপীতং তস্য পার্শ্বে ভবনেষু ন পন্নগাঃ॥

অর্থাৎ পুষ্যানক্ষত্রে পুনর্ণবার মূল আহরণপূর্ব্বক জলের সহিত পান করিলে ঐ ব্যক্তির নিকটে কিম্বা গৃহে সাপ থাকিতে পারে না। সর্প-সম্বন্ধে বিষবজ্রে ও গরুড়পুরাণে উচ্চাঙ্গের আলোচনা স্থানে স্থানে দৃষ্ট হয়। স্থলবিশেষে ঐ সকল গ্রন্থের নির্দ্দেশ মতে কার্য্য করিতে পারিলে বিষ-ক্রিয়ার হাত হইতে রক্ষা পাওয়া যায়। এই স্থলে বলিয়া রাখা সঙ্গত যে, পুনর্ণবার মূল পানের পর মাত্র তিন মাস পর্য্যন্ত সর্পভীতি থাকে না। যাবজ্জীবন সর্পদংশনের হাত হইতে রক্ষা পাইবার জন্য উক্ত পুরাণে কথিত আছে :—

তাক্ষ্যমূর্ত্তিং বহেদ্ যো বৈ ভল্লুক দন্ত নির্ম্মিতাম্।
স পন্নগো র্ন দৃশ্যতে যাবজ্জীবং বৃষধ্বজ॥

গরুড়ের মূর্ত্তি ভালুকের দন্তোপরি খোদিত করিয়া তাহা কণ্ঠদেশে ধারণ করিলে যাবজ্জীবন সর্পদংশনের হাত হইতে রক্ষা পাওয়া যায়। এই প্রণালীটী বহুপরীক্ষিত, সর্ব্বসাধারণের পরীক্ষার জন্য ইহা বর্ত্তমান প্রবন্ধে প্রদত্ত হইল।

পুষ্যানক্ষত্রে শাল্মলী বৃক্ষের মূল সংগ্রহ করিয়া উহা জলের সহিত পান করিলে কিছুদিন পর্য্যন্ত ঐ ব্যক্তি সম্বন্ধে সাপের দাঁত অকর্ম্মণ্য হইয়া পড়ে। আমার এক বন্ধু এই প্রণালী স্বয়ং পরীক্ষা করিয়া সুখী হইয়াছেন।

আমাদের দেশের সাপুড়িয়াগণ সাপ ধরিবার সময় নানাপ্রকার বৃক্ষ ও লতা প্রভৃতি ধারণ করিয়া আত্মরক্ষা করিয়া থাকে। গরুড় পুরাণে উক্ত আছে :—

পুষ্য লজ্জালুকামূলে হস্তবন্ধেতু পন্নগাম্।
গৃহ্নীয়াল্লেপতো বালি নাত্র কার্য্যা বিচারণা॥

পুষ্যানক্ষত্রে লজ্জালুকামূল সংগ্রহ করিয়া উহা হস্তে ধারণ কিংবা লেপন করিলে সাপ ধরিতে পারা যায়। এ প্রণালীটীর বিষয় আমার নিজের কোন অভিজ্ঞতা নাই, কিন্তু একটী সাপুড়িয়া ইহার সম্বন্ধে উচ্চ প্রশংসা করিয়াছে।

সর্পদংশনের বিষ ও বিবিধ স্থাবরজঙ্গমাত্মক বিষক্রিয়ার বিষ সংস্রবমাত্র বিনাশের জন্য সন্ন্যাসীগণ পুষ্যানক্ষত্রে শ্বেত আকন্দের মূল শীতল জলের সহিত মাত্রাভেদে পান করিয়া আত্মরক্ষা করিয়া থাকেন। বোড়া ও ঢোঁড় সাপের বিষ নাশ করিতে হইলে মহাকাল লতার মূল কাঞ্জির সহিত পেষণ করিয়া দেহে লেপন করিতে হইবে। এই প্রণালীটী অবলম্বন করিয়া আমি কতিপয় মারাত্মক রোগীতে আশ্চর্য্যজনক ফল প্রাপ্ত হইয়াছি।

এইক্ষণে সাধারণের পক্ষে বিষধর সর্পের বিষক্রিয়া বিদূরিত করিয়া আত্মরক্ষার নিমিত্ত কয়েকটী অনায়াসলব্ধ দ্রব্যের উল্লেখ করিতেছি। সর্ব্বসাধারণের পক্ষে উহা জানিয়া রাখা একান্ত আবশ্যক। নটে শাকের মূল তণ্ডুল জলের সহিত বাটিয়া বিশুদ্ধ উষ্ণ গব্য ঘৃতের সহিত পান করিলে সকল প্রকার সাপের বিষ ও দংশক জন্তুর বিষ বিনষ্ট হয়।

গুড়, শর্করা ও দুধের সহিত কুষ্মাণ্ডের রস পান করিলে সর্ব্ববিধ দংশক জন্তুর বিষ বিনষ্ট হয়।

এক আউন্স আন্দাজ বিশুদ্ধ গব্য ঘৃত উষ্ণ করিয়া তিন গ্রেইন সৈন্ধবের সহিত পান করিলে বৃশ্চিক-বিষ জনিত অসহ্য বেদনা নষ্ট হয়।

শিয়াল কুকুরের বিষ বিনাশ করিতে হইলে দংশনের তিন দিন মধ্যে জীবন্ত ব্যাঘ্রের একটী লোম সেবন করিতে হইবে। লুতা অর্থাৎ মাকড়সার বিষ নাশ করিতে হইলে দষ্টস্থানে দিনে তিন বার অপমার্গের রস দিতে হইবে।

"মেদিনীপুর হিতৈষী"

নিখিল বঙ্গ প্রাথমিক শিক্ষক সম্মিলন

তৃতীয় অধিবেশন কলিকাতা—১৯৩৮

গত ৫ই জুন তারিখের নিখিল বঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির কার্য্যকরী সভার অধিবেশনে সর্ব্বসম্মতিক্রমে স্থির হইয়াছে যে আগামী ৩রা ও ৪ঠা সেপ্টেম্বর শনিবার ও রবিবার কলিকাতা সহরেই নিখিল বঙ্গ প্রাথমিক শিক্ষক সম্মিলনের পরবর্ত্তী তৃতীয় অধিবেশন হইবে। বাংলা দেশের প্রাথমিক শিক্ষকগণ আজ যে কি এক নিদারুণ অন্ধকারময় যুগে পড়িয়া রহিয়াছেন তাহা বর্ণনা করিবার ভাষা নাই। সমাজ-সেবার যে গুরুভার তাঁহাদের উপর ন্যস্ত রহিয়াছে, দেশ ও সমাজের নির্ম্মম অবহেলার ফলে অনশনে এবং অর্দ্ধাশনে নীরবে তাঁহারা তাহা বহন করিয়া চলিয়াছেন। তাঁহাদের প্রতি লক্ষ্য করিবার কেহ নাই, তাঁহাদের হইয়া দুইটী কথা বলিবারও কেহ নাই। এই অবস্থার প্রতিকার করিতে হইলে সঙ্ঘবদ্ধভাবে আন্দোলন করিয়া এই অবহেলিত ও নিগৃহীত প্রাথমিক শিক্ষক-সমাজে প্রাণ সঞ্চার করা একান্ত আবশ্যক। প্রধানতঃ সেই উদ্দেশ্যে গত বৎসর কলিকাতা সহরে প্রাথমিক শিক্ষক ও তাঁহাদের সহিত সহানুভূতিশীল ব্যক্তিগণের একটী সম্মিলন আহূত হইয়াছিল। সমাজের বিশিষ্ট শিক্ষাব্রতী ও শিক্ষা-বিভাগের কর্ত্তৃপক্ষগণের দৃষ্টি এই দুঃস্থ প্রাথমিক শিক্ষকগণের প্রতি আকর্ষণ করিতে গেলে এ বৎসরও কলিকাতা সহরে তদনুরূপ আর একটী সম্মিলন আহ্বান করিবার বিশেষ প্রয়োজন।

এই দুঃসাধ্য কর্ম্ম সম্পাদন করিবার জন্য যে পরিমাণ শক্তি ও সামর্থ্যের আবশ্যক তাহা একমাত্র কলিকাতা সহরেই হওয়া সম্ভব। কলিকাতা সম্মিলন হইতে প্রাথমিক শিক্ষকগণের মধ্যে যে জাগরণের উৎস সঞ্চারিত হইবে, আশা করা যায়, অদূর ভবিষ্যতে তাহাই সারা বাংলার প্রাথমিক শিক্ষকগণের মধ্যে এক নূতন প্রেরণা যোগাইবে, এবং ভবিষ্যতে বাংলা দেশের অতি ক্ষুদ্র গ্রামেও এই সম্মিলন আহ্বান করা সম্ভব হইবে। কলিকাতায় এই প্রস্তাবিত সম্মিলনকে সফল করিবার জন্য নিখিল বঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির কার্য্যকরী সভা একটী অস্থায়ী অভ্যর্থনা সমিতি গঠন করিয়াছেন। অভ্যর্থনা সমিতির সভ্যের চাঁদা ন্যূনপক্ষে এক টাকা এবং প্রতিনিধির চাঁদা আট আনা ধার্য্য হইয়াছে। প্রাথমিক শিক্ষক ও প্রাথমিক শিক্ষার প্রতি যাঁহারা যত্নশীল তাঁহারা সকলেই অভ্যর্থনা সমিতির সভ্য হইতে পারিবেন। সম্মিলনের প্রতিনিধিত্ব কেবলমাত্র প্রাথমিক শিক্ষকগণের মধ্যেই সীমাবদ্ধ থাকিবে। দেশের সর্ব্বসাধারণের বিশেষতঃ শিক্ষাব্রতী ও শিক্ষানুরাগী ব্যক্তিগণের সহায়তা ও সহযোগিতার উপরই এই সম্মিলনের সাফল্য সম্পূর্ণরূপে নির্ভর করিতেছে। আমরা আশা করি, প্রাথমিক শিক্ষার উন্নতি এবং দেশের ও জাতির কল্যাণ-কল্পে এই সাহায্য ও সহযোগিতা হইতে সম্মিলন বঞ্চিত হইবে না। ইতি—

বিনীত—
শ্রীমহীতোষ রায় চৌধুরী এম, এ, বি, এল
অঃ সম্পাদক, অভ্যর্থনা সমিতি।
৬১নং বালিগঞ্জ প্লেশ, কলিকাতা

রায় বাহাদুর ব্রজেন্দ্রমোহন মৈত্র
এম, এ, বি, এল ; এম, এল, সি
অঃ যুগ্ম সম্পাদক অভ্যর্থনা সমিতি।

মৌলবী আহম্মদ হোসেন বি, টি
" লুৎফর রহমান

শ্রীযুক্ত রাধিকাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়
" ভূজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
" ধীরেন্দ্রনাথ বেরা
অঃ সহকারী সম্পাদক, অভ্যর্থনা সমিতি।

সকল রকম
গ্রামোফোন মেসিন
রেকর্ড ও নানাবিধ সরঞ্জাম পাওয়া যায়।
ডি, পি, গাঙ্গুলী
জঙ্গিপুর এজেন্সী
রঘুনাথগঞ্জ চাউলপটী।

দি ওয়ার্ম ইণ্ডিকা
(আমেরিকায় পরীক্ষিত)
অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। মূল্য প্রতি শিশি ৵১০ সাড়ে তিন আনা। পাইকারী দর স্বতন্ত্র।
প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়"
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ।)

বিনামূল্যে
ছবি, ছাপা, কাগজ ও প্রবন্ধে অত্যুত্তম।
সংসারশ্রী মাসিক পত্র
মূল্য মাসিক ৵০ আনা। এক পয়সা মূল্যের ডাক ষ্ট্যাম্প (টিকিট) পাঠাইলেও গৃহীত হয়।
ইহাতে কৃষি শিল্প, ব্যবসায় বাণিজ্য, সুখ স্বাস্থ্য, আচার ব্যবহার, সমাজ ধর্ম্ম ও শিক্ষা সম্বন্ধীয় অবশ্য প্রয়োজনীয় তথ্য সমূহ প্রকাশিত হইবে। প্রত্যেক গ্রামের প্রথম পত্রলেখক ও যিনি পাঁচজন গ্রাহক সংগ্রহ করিয়া দিবেন তাঁহাদিগকে এক একখানি বিনামূল্যে দেওয়া হইবে।
শিবপ্রসাদ নাগ বি, এ,
ম্যানেজার সংসারশ্রী কার্য্যালয়।
১২ এ গৌরমোহন মুখার্জ্জী ষ্ট্রীট, কলিকাতা।

সস্তায় রবার ষ্ট্যাম্প
সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্ট্যাম্পই কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্‌ফ ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।
প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

টিপসহির কালী
পণ্ডিত প্রেসে পাইবেন।
মূল্য প্রতি কৌটা পাঁচ পয়সা।

টিপের চা

তারা বার্লী

আমাদের বিশেষত্ব

আমাদের এই তারা বার্লী আধুনিক উন্নত বৈজ্ঞানিক প্রণালী অনুযায়ী মেসিনে এবং সেই শক্তিবান বার্লী বিশেষজ্ঞ শ্রীযুক্ত টি পি, বসু মহাশয়ের চাক্ষুষ ও সংশ্লিষ্ট তত্ত্বাবধানতায় প্রস্তুত। ইহারই একমাত্র বিজ্ঞ কর্ম্ম দক্ষতায় একদিন এসিয়া মহাদেশের সুপ্রসিদ্ধ বিস্কুট ও বার্লী প্রস্তুত কারক স্বনামধন্য স্বর্গীয় (শ্রীযুক্ত) কে, সি, বসু মহাশয় বিস্কুট ও বার্লী প্রচলন করিয়া জগতে আদর্শ স্থানীয় হইয়া ছিলেন। এই ব্যবসায় ইহার অভিজ্ঞতা ১৬ বৎসরের ও অধিক কালের। ইহা হস্ত পৃষ্ঠ নহে।

টি, পি, বসু এণ্ড কোম্পানী লিঃ
তারা ভিটাফুড ফ্যাক্টরী
পোঃ বাগবাজার কলিকাতা
ENGRY-D. P. NATH & BRO'S 2 BOW BAZAR ST.

জবাকুসুম

শারীরিক সন্তাপ প্রশমিত করে -
মস্তিষ্ক স্নিগ্ধ রাখে - -
সুনিদ্রা উৎপাদন করে - -
স্নায়ুসমূহ সতেজ করে - -

সি, কে, সেন এণ্ড কোং লিঃ
২৯, কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।

বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

এখানে মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।



সার্জ্জারী জগতে যুগান্তর।

মহাত্মা আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণা-প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য প্রতি শিশি ১৲, ডজন ১০৲ মাত্র।

দামোদর সুধা

ইহা সেবনে ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, পিত্তশ্লেষ্মার জ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বর অতি সত্বর আরোগ্য হয়। মূল্য ॥৵০ প্লীহার মালিষ সমেত ১৲

ভাইট্যালী—জীবনীশক্তিবর্দ্ধক!

ইহা সেবনে—প্রমেহজনিত স্নায়বিক দৌর্ব্বল্য, মাথাঘোরা, শারীরিক শীর্ণতা, অম্ল, অজীর্ণ, প্রস্রাবের দোষ, বহুমূত্র, দুঃস্বপ্ন, অর্শ, এবং স্ত্রীলোকদিগের বাধক, শ্বেত ও রক্তপ্রদর এবং সূতিকা প্রভৃতি আরোগ্য হয়। মূল্য ১৲ মাত্র। কলিকাতায় এম, ভট্টাচার্য্য এণ্ড কোং এজেণ্ট আছেন।

প্রাপ্তিস্থান ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

পত্র লিখিলে একটী গঙ্গাদেবী অবতরণের সুন্দর ছবিসহ ১৩৪৫ সালের ক্যালেণ্ডার পাইবেন।

হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ৴০ কমিশন বাদ

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ

ম্যালেরিয়া, সবিরাম, অবিরাম, পালাজ্বর প্রভৃতি যাবতীয় জ্বরের অব্যর্থ ও পরীক্ষিত মহৌষধ একজন বহুদর্শী বিশেষজ্ঞের আবিষ্কার।

সি. কে. এস পল্টন মার্কা
ফিভার মিক্‌শ্চার
সি. কে. সেন এণ্ড কোং লিঃ
কলিকাতা।

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ
শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ, এফ সি এস (লণ্ডন)
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

ব্রাঞ্চ:—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা) ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনসুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট) ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) *
লণ্ডন এজেন্সি—হাই-হল্‌বরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲